গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-৩ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০৩১.১৪.০০১.২২-১৪ | তারিখ: ২৭/০৯/২০২২ খ্রি:

বিষয়: Bangladesh Geographical Isnformation System Platform (BGISP)-র সার্বিক কার্যক্রম পরিচালনার চূড়ান্ত অনুমোদিত গাইডলাইন এবং BGISP-র কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

Bangladesh Geographical Isnformation System Platform (BGISP)-র সার্বিক কার্যক্রম পরিচালনার চূড়ান্ত অনুমোদিত গাইডলাইন এবং BGISP-র কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তাঁর সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৭/৯/২২

সংযুক্তি: সভার কার্যবিবরণী

মোঃ সাকিব-আল-রাব্বি
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৩

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্হাপনা বিভাগ, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্হাপনা বিভাগ, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক A2i, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (দৃ:আ: ড. মো: জিয়াউদ্দিন, পরামর্শক. উপসচিব)
৬। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব মো. মোশারফ হোসেন, সহকারী পরিচালক (জরিপ)।
৭। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা (দৃ:আ: জনাব হাসান মো: হামিদুর রহমান, পরিচালক)
৮। চেয়ারম্যান, রাজউক, ঢাকা (দৃ: আ: জনাব আশিকুর রহমান, সহকারী নগর পরিকল্পনাবিদ)।
৯। চেয়ারম্যান, SPARRSO, আগারগাঁও, ঢাকা (দৃ:আ: ড. মো. মাহমুদুর রহমান, পিএসও)।
১০। চেয়ারম্যান, BIWTA, মতিঝিল, ঢাকা (দৃ: আ: জনাব মো. ইকবাল আলম, সিস্টেম অ্যানালিষ্ট)।
১১। চেয়ারম্যান, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (দৃ: আ: মুহাম্মদ শফি উল্লাহ, সহযোগী অধ্যাপক)।
১২। চেয়ারম্যান, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার,ঢাকা (দৃ: আ: অধ্যাপক ড. মো: শাহেদুর রশিদ
১৩। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
১৪। চেয়ারম্যান, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, পলাশী, ঢাকা।
১৫। চেয়ারম্যান, ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১৬। চেয়ারম্যান, ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জনসন রোড, ঢাকা (দৃ:আ ড. মো: মনিরুজ্জামান, অধ্যাপক)।
১৭। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব মো: আফজালুর রহমান, উপপরিচালক (জরিপ))।
১৮। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৯। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্তিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব)।
২০। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (দৃ: আ: জনাব ড. ফরিদা পারভীন, উপপরিচালক)।
২১। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (দৃ:আ: ড. শেখ মেহেদী মোহাম্মদ, যুগ্মপরিচালক)।
২২। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (WARPO) ৭২, গ্রীনরোড, ঢাকা (দৃ: আ: জনাব মোহাম্মদ হাসান শাহরিয়ার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা)।
২৩। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ. আ. জনাব মো: জাকির হোসেন, সি. সহকারী প্রকৌশলী)।
২৪। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা (দৃ:আ: জনাব খন্দকার এ এইচ মাহমুদ, প্রোগ্রামার

(জিআইএস ইউনিট))

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা (দৃ: আ: জনাব দিল বাহার আহমেদ, নগর পরিকল্পনাবিদ)।

২৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ফুলবাড়ীয়া, ঢাকা (দৃ: আ: বেগম কাজী হাসিবা হাসান, জিওগ্রাফার, নগর পরিকল্পনা বিভাগ)।

২৭। নির্বাহী পরিচালক, CEGIS, বাড়ী নং ৬, সড়ক নং ২৩/সি, গুলশান-১, ঢাকা (দৃ: আ: মোহা: মোস্তাফিজুর রহমান, সিনিয়র স্পেশালিস্ট, কোয়ালিটি ম্যানেজমেন্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন)।

২৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা (দৃ: আ: জনাব কাজী মু. খালীদ আহসান, সিনিয়র সিষ্টেম অ্যানালিষ্ট)।

২৯। প্রধান, জিইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ:আ: জনাব মাহবুবুর রব, উপপ্রধান)

৩০। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (দৃ: আ:ড. মরিয়ম আক্তার,সহকারী বন সংরক্ষক)।

৩১। Country Director, World bank Dhaka officer, আগারগাঁও, ঢাকা (দৃ:আ: জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, পরামর্শক)

৩২। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

৩৩। মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (দৃ:আ: বেগম দিলরুবা করিম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডিপিএস শাখা)

৩৪। Country Director, ADB Dhaka Office, আগারগাঁও, ঢাকা

৩৫। Country Director, UNDP Dhaka Office, ঢাকা

৩৬। Representative of Bangladesh, FAO Dhaka Office, বাড়ী নং-৩৭, সড়ক নং-০৮, ধানমন্ডি আ/এ, ঢাকা (দৃ:আ: জনাব মোঃ গোলাম সারওয়ার রাকিব, আইটি সিস্টেম অ্যান্ড ডাটা ম্যানেজম্যান্ট অ্যাসোসিয়েট)

৩৭। Representative , UNFPA, আগারগাঁও, ঢাকা (দৃ:আ: জনাব মাহবুব ই-আলম, সিনিয়র প্রোগ্রাম অফিসার)।

৩৮। উপসচিব (পরিকল্পনা অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৩৯। জনাব মোঃরেজাউল রনি, সহযোগী অধ্যাপক, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, ঢাকা

৪০। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা ।

৪১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইন্টিগ্রেটি, জিও স্পেশিয়াল ইন্টারমেশন উইং জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক ইন বিবিএস প্রজেক্ট

৪২। সিস্টেম অ্যানালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

৪৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির অবগতির অনুরোধসহ)।

৪৪। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

৪৫। জনাব মোঃ আবু-বকর সিদ্দিক, কার্টোগ্রাফার, বিবিএস, ঢাকা

৪৬। সহকারী মেইনটেন্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৪৭। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

৪৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-৩ শাখা
www.sid.gov.bd

Bangladesh Geographical Isnformation System Platform (BGISP)-র সার্বিক কার্যক্রম পরিচালনার চূড়ান্ত অনুমোদিত গাইডলাইন এবং BGISP-র কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ ও সময় | : | ১২ সেপ্টেম্বর ২০২২, সোমবার, বিকাল ২ টা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ ব্লক-বি, লেভেল-১০, |
| সভাপতি | : | শেখ মোঃ কাবেদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্হাপনা বিভাগ |
| সভায় উপস্থিতি | : | পতাকা- 'ক'। |

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আজকের সভায় প্রধান অতিথি হিসেবে ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোছাঃ সুলতানা পারভীন, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) সভা আহ্বানের কারণ ও সভার বিষয়বস্তু সকলকে অবহিত করেন। তিনি BGISP-র সার্বিক কার্যক্রম পরিচালনার চূড়ান্ত অনুমোদিত গাইডলাইন প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহ, সভার কার্যপত্র, গৃহীত প্রকল্প, কর্মসূচি ও ICMS এ (GIS)-এর ব্যবহার প্রভৃতি উপস্থিত সকলকে অবহিতকরণের জন্য পর্যায়ক্রমে জনাব মোঃ সাকিব-আল-রাব্বি, সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মোঃ আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস এবং জনাব মোঃ রেজাউল রনি, সহযোগী অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংক্ষিপ্ত উপস্থাপনার জন্য অনুরোধ করেন।

১। জনাব মোঃ সাকিব-আল-রাব্বি, সিনিয়র সহকারী সচিব, সভার কার্যপত্র অনুযায়ী শুরুতে বিগত সভার সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং তাতে কোনো পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তিনি BGISP গাইডলাইন এবং প্রাতিষ্ঠানিকরণের কার্যক্রম সভায় উপস্থাপন করত জানান, ইতোমধ্যে বিবিএস-এর GIS ও Geo-code সেল গঠন করে জনবল নিয়োগ প্রদান করা হয়েছে এবং সেলকে সমন্বয় করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে সমন্বয়ক ও উপ-সমন্বয়ক নিয়োগ করে এ বিভাগে কক্ষ বরাদ্দ দেওয়া হয়েছে। বিজিআইএসপি-র পরিপত্র অনুযায়ী যে সকল সদস্য সংস্থা জিআইএস সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করেছে তা বিজিআইএসপি প্লাটফরমকে অবহিত করতে হবে। বিজিআইএসপি কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যে কারিগরি ও পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। এ কার্যক্রমকে আরও সমন্বিত করে পরিচালনার জন্য একটি জাতীয় কমিটি গঠন করা প্রয়োজন মর্মে সভাকে জানানো হয়।

৩। জনাব মোঃ আমজাদ হোসেন, (যুগ্মপরিচালক) বিবিএস- Integrating Geospatial Information with Geo-code and Vital Statistics in BBS Project এবং Streangthing GIS and Geo-coding System of BBS কর্মসূচি সম্পর্কে বিস্তারিত উপস্থাপনা প্রদান করেন। তার উপস্থাপনায় বর্ণিত কর্মসূচির অধীন-

(১) BGISP, REDATAM, ICMS, CRVS-এর সমন্বয়ে একটি প্লাটফরম গড়ে তোলা হবে।
(২) বাংলাদেশের জন্য একটি অভিন্ন মানসম্মত জাতীয় জিআইএস ডেটাবেইজ এবং কাঠমোর জন্য বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত করা (যেমন: লিজেন্ড, স্কেলভিত্তিক ডেটা ভিজ্যুয়ালাইজেশন কৌশল)।
(৩) GIS কার্যক্রম শক্তিশালী করার জন্য সক্ষমতা উন্নয়ন করা।
(৪) জিওকোড ডেটাবেইজ রক্ষণাবেক্ষণ, প্রশিক্ষণ, সমস্যা সমাধান ও প্রযুক্তি হস্তান্তরের জন্য প্রযুক্তিগত সহায়তা (জাতীয় ও আন্তর্জাতিক) প্রদান করা।
(৫) হালনাগাদ জিও কোডের সাথে সকল ঐতিহাসিক জিওকোডের সমন্বয়ে মৌজা পর্যন্ত বানান ভুলের মাত্রা কমিয়ে কার্যক্রমগুলো সম্পন্ন হবে। এছাড়া কর্মসূচির অধীনে ২০০১ থেকে বর্তমান সময় পর্যন্ত পরিচালিত সকল জনশুমারি/আদমশুমারির তথ্যাদি ও ম্যাপসমূহ জিআইএস ডেটাবেইজ সন্নিবেশিত করা।

(৬) বিবিএস এ সংরক্ষিত মৌজা ম্যাপসমূহ স্ক্যানপূর্বক ক্যাটালগ প্রস্তুতকরণ এবং শুমারিতে ব্যবহৃত মৌ ম্যাপের সীমানা সংশোধন করা।

(৭) প্রস্তুত মৌজার ডেটাবেইজ ব্যবহার করে জিআইএস based তথ্য Web Application এর মাধ্যমে Visualization এর ব্যবস্থা করা।

(৮) মাঠপর্যায় থেকে GIS ও Geo-code নিয়মিত হালনাগাদ করার লক্ষ্যে Web application এবং Mobile Apps প্রণয়ন করে নিয়মিতভাবে হালনাগাদ করা।

উল্লিখিত কার্যক্রমসমূহ প্রকল্প ও কর্মসূচির অধীন পরিচালনা করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন।

৪। জনাব মোঃ রেজাউল রনি, সহযোগী অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিবিএস কর্তৃক পরিচালিত জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পে ICMS (Integrated Census Management System-ICMS)-এ GIS- এর ব্যবহার বিষয়ে উপস্থাপনা করেন। ১২টি বিভাগের কার্যালয় ম্যাপ, ১৬৩টি জেলা কন্ট্রোল ম্যাপ, ২৪১টি উপজেলা ম্যাপ এবং dot.net framework ব্যবহার করে কীভাবে শুমারি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে তা বিস্তারিত সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন, DLRS-এ ব্যবহৃত মৌজা ও ICMS-এ ব্যবহৃত মৌজার সংখ্যার মধ্যে পার্থক্য রয়েছে। মৌজার অসামঞ্জস্য দূরীকরণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে অভিমত পোষণ করেন।

৫। জনাব মোঃ আবুল কালাম আজাদ, পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস বলেন, দেশের মোট আয়তন কত তা অফিসিয়ালি প্রকাশ করার ম্যানডেট কোনো প্রতিষ্ঠানের/সংস্থার নেই এবং বিভিন্ন সংস্থায় ভিন্ন ভিন্ন তথ্য ব্যবহার করা হচ্ছে বলে সভাকে অবহিত করে এ বিষয়ে বিজিআইএসপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে মত পোষণ করেন।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি বিবিএস-এর মৌজাম্যাপ অন্য প্রতিষ্ঠান পেতে পারে কি-না মর্মে জানতে চাইলে সভাপতি এই সকল ম্যাপ সকল সরকারি/বেসরকারি সংস্থাসহ অন্যান্য সকল প্রতিষ্ঠান/সংস্থা ও ব্যক্তি ব্যবহার করতে পারবে বলে সভাকে জানান।

আইসিটি প্রতিনিধি বলেন, বিজিআইএসপি-র ওয়েব প্লার্টফরম-এ Data Interoperability ও API system থাকা প্রয়োজন। তিনি আরও বলেন, National ICT গাইডলাইন অনুযায়ী যে কোনো ওয়েবসাইট (i) ইংরেজি ও বাংলা অনুবাদ (ii) AI (iii) API System (iv) Disable Person Accessability-এ চারটি বিষয় থাকা প্রয়োজন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোঃ মনিরুজ্জামান GIS ও Geo-code সেল গঠন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। বিজিআইএসপি'র গাইডলাইনে প্রস্তাবিত কমিটির কার্যক্রম শুরু করা যেতে পারে বলেও তিনি সভায় মত পোষণ করেন।

FAO-এর প্রতিনিধি বিজিআইএসপি'র Wibesite গাইডলাইন অনুযায়ী উন্নয়ন করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

Survey of Bangladesh-এর প্রতিনিধি UN-GGIM-এর সাথে যোগাযোগ করে সমন্বয়ের মাধ্যমে বিজিআইএসপি কার্যক্রম পরিচালনা করা হলে এর কলেবর বৃদ্ধির পাশাপাশি দেশে ও আন্তর্জাতিক পরিমণ্ডলে সুনাম বৃদ্ধি পাবে বলে মত প্রকাশ করেন। তিনি আরও বলেন, বিজিআইএসপি একটি জাতীয় কমিটি গঠন করা প্রয়োজন।

৬। সভায় প্রধান অতিথি বলেন, BGISP প্লাটফরমের মাধ্যমে সমন্বিতভাবে জিআইএস-এর কার্যক্রম গ্রহণ করতে হবে। এই প্লাটফরমের সকল সদস্য সংস্থাকে বিজিআইএসপি-র পরিপত্র পুনরায় প্রেরণ করতে হবে। বিজিআইএসপি-র সকল সদস্য সংস্থাকে পরিপত্রে উল্লিখিত জিআইএস সংক্রান্ত গৃহীতব্য সকল কার্যক্রম বিজিআইএসপি-কে অবহিত করণের জন্য চিঠি দিতে হবে। বিবিএস-এ সংরক্ষিত মৌজার সাথে DLRS-এর মৌজার যে Gap আছে তা সমন্বয় করতে হবে। এ বিষয়টি DLRS-কে পত্র দিয়ে অবহিত করতে হবে যাতে উভয়পক্ষ বসে সমস্যাটি সমাধান করা যায়। মিসিং মৌজা সমন্বয় সম্পর্কে DLRS, ভূমি মন্ত্রণালয় ও বিবিএস-কে নিয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে। পরবর্তী সভায় জনাব মোঃ রেজাউল রনি, সহযোগী অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় মিসিং মৌজা সম্পর্কে একটি উপস্থাপনা প্রদান করবেন। বিজিআইএসপি-র গাইডলাইনে প্রস্তাবিত কমিটির কার্যক্রম শুরু করতে হবে। প্রধান অতিথি সভায় উপস্থিত ও জুমে সংযুক্ত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি, প্রধান অতিথির আলোচনা ও সিদ্ধান্ত একমত পোষণ করেন।

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) BGISP প্লাটফরমের মাধ্যমে সমন্বিতভাবে জিআইএস-এর কার্যক্রম গ্রহণ করতে হবে। এই প্লাটফরমের সকল সদস্য সংস্থাকে বিজিআইএসপি-এর পরিপত্র পুনরায় প্রেরণ করতে হবে।

(খ) বিজিআইএসপি প্লাটফরম-এর সকল সদস্য সংস্থাকে পরিপত্রে উল্লিখিত জিআইএস সংক্রান্ত গৃহীতব্য সকল কার্যক্রম বিজিআইএসপিকে অবহিতকরণের জন্য চিঠি দিতে হবে।

(গ) বিবিএস এ সংরক্ষিত মৌজার সাথে DLRS-এর মৌজার যে Gap আছে তা সমন্বয় করার ব্যবস্থা করতে হবে। এ বিষয়টি DLRS কে পত্র দিয়ে অবহিত করতে হবে, যাতে উভয়পক্ষ বসে এর একটি সমাধান বের করতে পারে। মিসিং মৌজা সমন্বয় সম্পর্কে DLRS, ভূমি মন্ত্রণালয় ও বিবিএস-কে নিয়ে একটি কমিটি গঠন করতে হবে

(ঘ) পরবর্তী সভায় জনাব মোঃ রেজাউল রনি, সহযোগী অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় মিসিং মৌজা সম্পর্কে একটি উপস্থাপনা প্রদান করবেন।

৮। সভায় আর কোনো বিষয় আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা শেষ করেন।

স্বাক্ষরিত-
১২/০৯/২০২২ তারিখ
(শেখ মোঃ কাবেদুল ইসলাম)
অতিরিক্ত সচিব
পরিচিতি নং ৪৫৪১ (প্রশাসন)
ও
সভাপতি
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ